

## 💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৮৬

১/ বিবিধ

আরবী

يقول الله تعالى للدنيا: يا دنيا مري على أوليائي، ولا تحلولي لهم فتفتنيهم موضوع

أخرجه أبو عبد الرحمن السلمي في " طبقات الصوفية " (ص 8 \_ 9) وعنه الديلمي (4 / 218) قال: أخبرنا أبو جعفر محمد بن أحمد بن سعيد الرازي، قال: أخبرنا الحسين بن داود البلخي. قال: أخبرنا فضيل بن عياض قال: أخبرنا منصور عن إبراهيم عن علقمة عن عبد الله بن مسعود مرفوعا

قلت: وهذا إسناد موضوع، أبو جعفر الرازي هذا قال الذهبي: لا أعرفه لكن أتى بخبر باطل هو آفته، قلت: ثم ساق خبرا موقوفا على علي، والحسين بن داود البلخي قال الخطيب في ترجمته من " التاريخ " (8 / 44)

لم يكن ثقة فإنه روى نسخه عن يزيد بن هارون عن حميد عن أنس أكثرها موضوع. ثم ساق له حديثا آخر بهذا السند ثم قال: تفرد بروايته الحسين عن الفضيل وهو موضوع ورجاله كلهم ثقات سوى الحسين بن داود، ومن طريقه روى هذا الحديث القضاعي في " مسند الشهاب " (117 / 2)

বাংলা

৩৮৬। আল্লাহ তা'আলা দুনিয়াকে বললেনঃ হে দুনিয়া! তুমি আমার বন্ধুদের জন্য তিতা হও। তুমি তাদের জন্য মিঠা হয়ে তাদেরকে ফেতনায় ফেলো না।



## হাদীসটি জাল।

এটি আবু আবদির রহমান সুলামী "তাবাকাতুস সূফিয়া" গ্রন্থে (পৃ. ৮-৯) বর্ণনা করেছেন এবং তার থেকে দাইলামী (৪/২১৮) বর্ণনা করেছেন। যার সনদে বর্ণনাকারী আবু জাফার আর-রাযী এবং হুসাইন ইবনু দাউদ আল-বালখী রয়েছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট। আবু জাফার আর-রায়ী সম্পর্কে যাহাবী বলেনঃ আমি তাকে চিনি না। কিন্তু তিনি বাতিল খবর নিয়ে এসেছেন। তিনিই হাদীসটির সমস্যা। হুসাইন ইবনু দাউদ বালখীর জীবনী বর্ণনা করতে গিয়ে খাতীব বাগদাদী "আত-তারীখ" গ্রন্থে (৮/৪৪) বলেনঃ তিনি নির্ভরযোগ্য ছিলেন না। তিনি একটি কপি ইয়াযীদ ইবনু হারূণ হতে, তিনি হুমায়েদ হতে, তিনি আনাস হতে বর্ণনা করেছেন। যার অধিকাংশই বানোয়াট। অতঃপর তার অন্য একটি হাদীস এ সনদে উল্লেখ করে বলেছেনঃ এটি হুসাইন ফুযায়েল হতে এককভাবে বর্ণনা করেছেন। সেটি হচ্ছে জাল। তার সূত্রেই কাযাঈ এ হাদীসটি "মুসনাদুশ শিহাব" গ্রন্থে (২/১১৭) বর্ণনা করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন